# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 12 April, 2025

প্রবল ঝড়ে বিপর্যস্ত হয়ে পড়েছে চীনের রাজধানী বেইজিং ও দেশটির উত্তরাঞ্চল।ঝড়ের সঙ্গে বাতাসের কারণে রাজধানী বেইজিংয়ে বাতিল করা হয়েছে শত শত ফ্লাইট।এ ছাড়া দেশটির উত্তরাঞ্চলের সঙ্গে স্থগিত করা হয়েছে ট্রেন চলাচল। আজ শনিবার স্থানীয় সময় বেলা সাড়ে ১১টা পর্যন্ত বেইজিংয়ের দুটি প্রধান বিমানবন্দরে ৮৩৮টি ফ্লাইট বাতিল করা হয়েছে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

বেইজিংয়ে ঘণ্টায় ৯৩ মাইল (১৫০ কিলোমিটার) পর্যন্ত বাতাসের গতিবেগ রেকর্ড করা হয়েছে।গত অর্ধশতাব্দীর বেশি সময়ের মধ্যে এটি চীনের রাজধানীতে সর্বোচ্চ বাতাসের বেগ।দেশটির আবহাওয়া পূর্বাভাসে বলা হয়েছে, এই ঝড় সপ্তাহজুড়ে থাকবে।এর ফলে বিভিন্ন দর্শনীয় স্থান ও ঐতিহাসিক স্থাপনা বন্ধ করে দেওয়া হয়েছে।

বিমানবন্দরের এক্সপ্রেস সাবওয়ে লাইন, কিছু উচ্চগতির রেললাইনসহ ট্রেন পরিষেবা স্থগিত করা হয়েছে।পার্কগুলোও বন্ধ করে দেওয়া হয়েছে।কিছু পুরোনো গাছকে ঝড়ের জন্য প্রস্তুত করতে মজবুত করা বা ছাঁটা হলেও রাজধানীতে এরই মধ্যে প্রায় ৩০০টি গাছ উপড়ে পড়েছে।

বেশ কিছু যানবাহন ক্ষতিগ্রস্ত হয়েছে।তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।বেইজিংয়ের বেশির ভাগ বাসিন্দা কর্তৃপক্ষ কর্তৃক অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে জারি করা নির্দেশের পরে বাড়ির ভেতরে ছিলেন।শহরের ২ কোটি ২০ লাখ বাসিন্দাকে এই সতর্কতা জারি করা হয়েছিল।

স্থানীয় একজন বাসিন্দা বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, ‘বেইজিংয়ের সবাই সত্যিই খুব চিন্তিত ছিল।আজ রাস্তায় খুব কম লোক দেখা যাচ্ছে। তবে আমি যতটা ভেবেছিলাম, পরিস্থিতি ততটা গুরুতর নয়।' মঙ্গোলিয়ার ওপর দিয়ে বয়ে যাওয়া একটি শীতল ঘূর্ণাবর্তের কারণে এই শক্তিশালী বাতাস বইছে এবং এটি পুরো সপ্তাহ ধরে অব্যাহত থাকবে বলে আশঙ্কা করা হচ্ছে।

গত এক দশকের মধ্যে বেইজিং প্রথমবারের মতো শক্তিশালী বাতাসের জন্য ‘অরেঞ্জ সতর্কতা’ জারি করেছে।আজ এই শহরের ওপর দিয়ে সবচেয়ে শক্তিশালী বাতাস বয়ে যাওয়ার পূর্বাভাস রয়েছে।

চীনে বাতাসের গতিবেগ ১ থেকে ১৭ পর্যন্ত একটি স্কেলে পরিমাপ করা হয়।দেশটির আবহাওয়া বিভাগ জানিয়েছে, ১১ মাত্রার বাতাস ‘মারাত্মক ক্ষতি’ করতে পারে।১২ মাত্রার বাতাস ‘চরম ধ্বংসাত্মক’ পরিস্থিতি ডেকে আনতে পারে।এই সপ্তাহ বেইজিংয়ে বাতাসের গতিবেগ ১১ থেকে ১৩ মাত্রার মধ্যে থাকবে বলা হয়েছে।

চীন ফ্লাইট বেইজিং

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 06:20

URL: https://www.timestodaybd.com/public/international/688775807